

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
জেসপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, এন. এস. রোড  
কলকাতা - ৭০০ ০০১

নং ৪৭৭ /পিএন/ও/ ১/২এ-২/৯৮(অংশ-২)

তাং : ২৯. ০১. ২০০৭

পরিপত্র

**যেহেতু** জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতি স্তরের জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি এবং শিশু ও নারী উন্নয়ন, জন কল্যাণ ও ত্রান স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষদের এবং গ্রাম পঞ্চায়েত স্তরে শিক্ষা ও জনস্বাস্থ্য উপসমিতি এবং নারী শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ উপসমিতির সঞ্চালকদের সাযুজ্য ও সহযোগিতার একাধিক ক্ষেত্র দেখা যাচ্ছে ;

**এবং যেহেতু** ঐ দুই স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষগণ এবং উপসমিতির সঞ্চালকগণ একে অপরের সহমত ও পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে কর্ম সম্পাদন করলে ঐ দুই স্থায়ী সমিতির ও উপসমিতির কাজ-কর্ম সার্বিক উন্নয়নের প্রয়োজনে উন্নততর ও আরও ফলপ্রসূ হবে ;

**এবং যেহেতু** ঐ দুই স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষদের এবং উপসমিতির সঞ্চালকদের একে অপরের স্থায়ী সমিতির / উপসমিতির সভায় আমন্ত্রিত সদস্য হিসাবে যোগদান করার প্রয়োজনীয়তার গুরুত্ব জানিয়ে প্রস্তাব করা হয়েছে ;

**এবং যেহেতু** ঐ প্রকার নিযুক্তি ঐ দুই স্থায়ী সমিতির ও উপসমিতির পক্ষে যুক্তিযুক্ত ও সম্ভোষণক হবে বলে এই বিভাগ কর্তৃক বিবেচিত হয়েছে ;

**অতএব,** সকল বিষয় যত্নসহকারে বিবেচনা করে এই বিভাগ এইরূপ নির্দেশ প্রদান করছে যে জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতি স্তরের জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি এবং শিশু ও নারী উন্নয়ন, জন কল্যাণ ও ত্রান স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষগণ এবং গ্রাম পঞ্চায়েত স্তরে শিক্ষা ও জনস্বাস্থ্য উপসমিতি এবং নারী শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ উপসমিতির সঞ্চালকগণ সভায় একে অপরের আমন্ত্রিত সদস্যরূপে ঐ দুই স্থায়ী সমিতির ও উপসমিতির সভায় যোগদান করবেন ও আলোচনায় অংশ নেবেন তথা পারস্পরিক মত বিনিময় করে সহমত ও পারস্পরিক বোঝাপড়ার ভিত্তিতে বিভিন্ন ক্ষেত্রে মিলিত কর্মপন্থা ঠিক করবেন ও কার্যাবলী পরিচালনা করবেন।

আদেশানুসারে,  
স্বা:- মানবেন্দ্র নাথ রায়  
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং - ৪৭৭/১(৯) - পিএন/ও/১/২এ-২/৯৮(অংশ-২)

তাং : ২৯. ০১. ২০০৭

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল :-

- ১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা ।
- ২) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া ।
- ৩) সভাপতি, -----জেলা পরিষদ (সকল)
- ৪) জেলাশাসক, -----জেলা (সকল)
- ৫) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, -----জেলা (সকল)
- ৬) ব্লক উন্নয়ন আধিকারিক,-----ব্লক (সকল)
- ৭) সভাপতি, -----পঞ্চায়েত সমিতি (সকল)
- ৮) প্রধান, -----গ্রাম পঞ্চায়েত (সকল)
- ৯) এই বিভাগের সকল উপশাখা ।

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও  
পদাধিকারবলে উপ-সচিব